**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 11-07-2025** **Desk in Charge : SDG**
**Time: 7-35 AM** **Editor: Sudip Basu**
**DEO : KB** **NR : Sudip Basu**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

বিশেষ বিশেষ খবরঃ-

১) ২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের নতুন পরীক্ষায় 'চিহ্নিত অযোগ্যরা' বসতে পারবে না বলে সিঙ্গেল বেঞ্চ-এর নির্দেশ বহাল রেখেছে, কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। # OBC-A এবং B ক্যাটাগরির চাকরিহারা শিক্ষকরাও নতুন বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন জানাতে পারবেন।

২/ রাজ্য সরকার OBC তালিকায় আর্থিকভাবে দুর্বল শ্রেণীর হিন্দুদের বঞ্চিত করছে বলে অভিযোগ করেছে বিজেপি।

৩/ ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে ইতিবাচক পদক্ষেপ নেওয়ায় রাজ্যে দু'লক্ষ ১০ হাজার কোটি টাকার'ও বেশি বিনিয়োগের প্রস্তাব এসেছে বলে রাজ্য সরকার জানিয়েছে।

৪/ দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়ে দুষ্কৃতীদের হাতে তৃণমূল কংগ্রেসের অঞ্চল সভাপতি রাজ্জাক খাঁ খুনের ঘটনায় এলাকায় উত্তেজনা।

৫/ পোস্ট অফিসগুলিতে নিরবিচ্ছিন্নভাবে আরো ভাল পরিষেবা দিতে ডাক বিভাগ, ক্লাউড সার্ভার ভিত্তিক 'অ্যাডভান্সড পোস্টাল টেকনোলজি' ব্যবস্থা শুরু করছে।

*****************************************************************

২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের নতুন পরীক্ষায় চিহ্নিত অযোগ্যরা বসতে পারবে না বলে সিঙ্গেল বেঞ্চ যে নির্দেশ দিয়েছিল তা বহাল রেখেছে হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। গত সোমবার বিচারপতি সৌগত ভট্টাচার্য এই নির্দেশ দেওয়ার পর তা চ্যালেঞ্জ করে বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চে একাধিক মামলা দায়ের হয়। রাজ্য সরকার, স্কুল সার্ভিস কমিশনের পাশাপাশি যোগ্য শিক্ষকদের একাংশও মামলা করেছিলেন। রাজ্য সরকার চিহ্নিত অযোগ্যদের পরীক্ষায় বসতে দেবার পক্ষে সওয়াল করে। কিন্তু দু'দিন দীর্ঘ শুনানির পর ডিভিশন বেঞ্চ রাজ্যের ও স্কুল সার্ভিস কমিশনের আবেদন খারিজ করে দেয়। তবে অন্যান্য বিষয়ে আগামী সোমবার ডিভিশন বেঞ্চ সিদ্ধান্ত জানাবে বলে আইনজীবি ফিরদৌস শামিম মন্তব্য করেছেন।

( বাইট- শামিম )

এদিকে, OBC-A ও B ক্যাটাগরির চাকরিহারা শিক্ষকরা SSC-র বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন জানাতে পারবে। তবে আবেদনপত্রে কোনরকম ক্যাটাগরি উল্লেখ করা যাবে না। বিচারপতি সৌগত ভট্টাচার্য এই নির্দেশ দিয়ে জানিয়েছেন যে, বিষয়টি সুপ্রিমকোর্টে বিচারাধীন হওয়ায় আবেদনের পরেও তা' গ্রহণযোগ্য হবে কিনা তা', শীর্ষ আদালতের নির্দেশের ওপর নির্ভর করছে।

*******************

আদালতের রায়ে সন্তুষ্ট যোগ্য চাকরিহারা শিক্ষকরা। তবুও ন্যায়বিচার এখনো কেন মিলছে না, সেই প্রশ্ন তুলেছেন তারা। যোগ্য চাকরিহারা শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক মেহবুব মন্ডল বলেন, রাজ্য সরকার প্রথম থেকে দাগীদের বাঁচানোর চেষ্টা করে এসেছে। এখনো পর্যন্ত রাজ্য সরকার চায় দাগীদের সুবিধা পাইয়ে দিয়ে বিধানসভা ভোটে জিততে। অন্যদিকে, কারা যোগ্য, আর কারা অযোগ্য, আদালত তা জানে। তারপরেও কেন যোগ্যরা ন্যায়বিচার পাচ্ছেন না সেই প্রশ্ন তুলেছেন তিনি।

*******************

রাজ্য সরকার আর্থিকভাবে দুর্বল শ্রেণীর হিন্দুদের বঞ্চিত করছে বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, ভোট ব্যাংকের স্বার্থে ধর্মীয় মানদণ্ডের ভিত্তিতে রাজ্যের OBC তালিকায় অন্তর্ভুক্ত করা ৭৫টি মুসলিম

জনগোষ্ঠীকে আদালত ২০২৪ সালে বাতিল করে। এরপরেও রাজ্য সরকার ওই একই সম্প্রদায়গুলিকে অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণীর সুবিধা পাইয়ে দেওয়ার জন্য আবেদন করার অনুমতি দিচ্ছে। বিরোধী দলনেতা বলেন, এই পদক্ষেপ বিচার ব্যবস্থাকে সরাসরি অবমাননা এবং আইনকে পাশ কাটিয়ে যাওয়ার লজ্জাজনক প্রচেষ্টা। এই ঘটনা শুধুমাত্র সাংবিধানিক নিয়ম লঙ্ঘন নয়, রাজ্যের মানুষের সঙ্গে প্রতারণা। এবিষয়ে অবিলম্বে হস্তক্ষেপের আর্জি জানিয়ে তিনি রাজ্যপালকে চিঠি দিয়েছেন বলে শ্রী অধিকারী জানান।

*******************

ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে ইতিবাচক পদক্ষেপ নেওয়ায় রাজ্যে দু'লক্ষ ১০ হাজার কোটি টাকার বেশি বিনিয়োগের প্রস্তাব এসেছে বলে রাজ্য সরকার জানিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল দক্ষিণ কলকাতার আলিপুরে নবনির্মিত চর্ম ও বস্ত্র হাব **'শিল্পান্ন'**-র উদ্বোধন করে বলেন শিল্প উদ্যোগীদের নিয়ে বিভিন্ন জেলায় এখনো পর্যন্ত যে ৫৭ টি সিনার্জি বৈঠক হয়েছে সেখান থেকে ২ লক্ষ ১০ হাজার কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে। আর্থিক পরিকাঠামোর উন্নয়নে সমাজের বিভিন্ন স্তরে পরিকল্পিত ব্যবস্থা গ্রহণ করায় জাতীয় স্তরের তুলনায় রাজ্যে ৪০ শতাংশ দারিদ্র কমানো সম্ভব হয়েছে বলে তিনি দাবি করেন।

( বাইট- মমতা )

অনুষ্ঠান মঞ্চ থেকে তিনি দূরনিয়ন্ত্রিত ব্যবস্থার মাধ্যমে বিভিন্ন সংশোধনাগারে বন্দী আবাসিকদের তৈরি হস্তশিল্পের স্টল ও রাজ্যের বিভিন্ন জায়গায় আরও ১৪ টি নতুন 'বাংলার শাড়ি' আউটলেটের সূচনা করেছেন।

*******************

জম্মু কাশ্মীরকে ফের পূর্ণ রাজ্যের মর্যাদা দেওয়ার দাবি তুলেছেন সেখানকার মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা। কলকাতার এক পাঁচতারা হোটেলে গতকাল সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, বিজেপি সরকার জম্মু কাশ্মীরকে রাজ্যের মর্যাদা দিতে প্রতিশ্রুতিবদ্ধ। সুপ্রিম কোর্টও এই একই রায় দিয়েছে। তিনি জানান এব্যাপারে কেন্দ্রের সঙ্গে তাঁরা লাগাতার আলোচনা চালাচ্ছেন। পহেলগাঁও হামলার পর কাশ্মীরের নিরাপত্তা ও জঙ্গী কার্যকলাপ

নিয়ে যে নতুন ভাবে উদ্বেগ তৈরি হয়েছে সেকথা ওমর আবদুল্লা স্বীকার করে নিয়েছেন। তবে পর্যটকদের আশ্বস্ত করে তিনি জানিয়েছেন, ওই ঘটনার পর পর্যটন কেন্দ্রগুলোর নিরাপত্তা ব্যবস্থা নিয়ে নতুন করে সক্রিয় হয়েছে। কেন্দ্র ও রাজ্য সরকার উভয়েই এব্যাপারে কার্যকরী ভূমিকা নিয়েছে। জম্মু কাশ্মীরে ধাপে ধাপে সব পর্যটনকেন্দ্র পর্যটকদের জন্য খুলে দেওয়া হবে। পাশপাশি ইন্ডি জোটের কার্যকলাপ নিয়ে নাম না করে প্রধান শরিক কংগ্রেসকে কটাক্ষ করেছেন ওমর। কেন জোটের শরিকদের নিয়ে নিয়মিত বৈঠক ডাকা হচ্ছে না সে বিষয়ে প্রশ্ন তোলেন তিনি।

নবান্নে গতকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সঙ্গেও বৈঠক করেন ওমর আবদুল্লা। দুই রাজ্যের মধ্যে শিল্পে, পর্যটন ও কারিগরি শিক্ষার ক্ষেত্রে সহযোগিতার সম্পর্ক দৃঢ় করার বিষয়ে তাঁরা আলোচনা করেন।

*******************

সুপ্রিম কোর্ট, বিহারে নির্বাচন কমিশনকে ‘বিশেষ নিবিড় পর্যালোচনা’ (SIR) প্রক্রিয়ার মাধ্যমে ভোটার তালিকা সংশোধনের কাজ চালিয়ে যেতে অনুমতি দিয়েছে। এসংক্রান্ত একগুচ্ছ মামলার শুনানী চলাকালীন শীর্ষ আদালত পর্যবেক্ষণে জানিয়েছে যে, ন্যায় বিচারের স্বার্থে নির্বাচন কমিশনের উচিত এই সংশোধন প্রক্রিয়ায় আধার কার্ড, রেশন কার্ড এবং ভোটার পরিচয় পত্রের মতো গুরুত্বপূর্ণ নথি গ্রহণের বিষয়টি বিবেচনা করা। তবে এই প্রক্রিয়াটি সারা দেশে না করে শুধুমাত্র বিহার বিধানসভা নির্বাচনের সময় করা হচ্ছে, তা নিয়েও প্রশ্ন তুলেছেন বিচারপতি সুধাংশু ধুলিয়া এবং বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ।

উল্লেখ্য, নিবিড় পর্যালোচনায় অনেক বৈধ ভোটার বাদ পড়বেন অভিযোগ তুলে তৃণমূল সাংসদ মহুয়া মৈত্র সহ কয়েকজন শীর্ষ আদালতের দ্বারস্থ হন।

পশ্চিমবঙ্গে এই নিবিড় ভোটার তালিকা পর্যালোচনার কাজ শুরু হলে, বাংলাদেশীদের চিহ্নিত করা সহজ হবে বলে মন্তব্য করেছেন রাজ্য বিজেপি-র সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায়।

( বাইট- জগন্নাথ )

*******************

দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়ের চালতাবেড়িয়ার এক তৃণমূল কংগ্রেস নেতাকে কুপিয়ে ও গুলি করে খুনের অভিযোগ উঠেছে দুষ্কৃতীদের বিরুদ্ধে। রাজ্জাক খাঁ নামে ঐ ব্যক্তি অঞ্চল সভাপতি ছিলেন। গতকাল রাত দশটার পর পার্টি অফিস থেকে বেরিয়ে বাড়ি যাবার পথে বিজয়গঞ্জ বাজারের কাছে দুস্কৃতীরা তাঁর উপর চড়াও হয়। গুরুতর আহত অবস্থায় রাজ্জাককে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। পুলিশের বিশাল বাহিনী ঘটনাস্থলে যায়। পাশাপাশি বিধায়ক শওকাত মোল্লা সহ স্থানীয় তৃণমূল নেতৃত্ব সেখানে গেলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। রাতে নিহত তৃণমূল নেতার অনুগামীরা পথ অবরোধ করে।

এই খুনের ঘটনায় অভিযোগের তির ISF-এর দিকে। তবে ISF সব অভিযোগ অস্বীকার করেছে। রাতেই ভাঙড়ে যান কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা।

*******************

জলজ চাষে ভারত বিশ্বে দ্বিতীয় স্থানে রয়েছে অন্যদিকে দেশের মধ্যে মৎস্য উৎপাদনে দ্বিতীয় স্থানে  রয়েছে পশ্চিমবঙ্গ। দেশের যুব সম্প্রদায়কে মাছ চাষে উৎসাহী করতে সমান উদ্যোগী কেন্দ্র ও রাজ্য। অন্তর্দেশীয় মৎস্যজীবীদের অর্থনৈতিক উন্নয়নে গ্রহণ করা হয়েছে একগুচ্ছ সরকারি পরিকল্পনা।

একটি প্রতিবেদন-        ( ভিসি কাশফিন )

*******************

পোস্ট অফিসগুলিতে নিরাবচ্ছিন্নভাবে আরো ভালো পরিষেবা প্রদানের উদ্দেশে ক্লাউড সার্ভার ভিত্তিক ‘এডভান্সড পোস্টাল টেকনোলজি’ -APT ব্যবস্থা শুরু করবে ডাক বিভাগ। আগামী ১৫ ই জুলাই দক্ষিণ হুগলী, পূর্ব কলকাতা ও দক্ষিণ দিনাজপুর পোস্টাল ডিভিশন, সব রেলওয়ে পোস্টাল সার্ভিস এবং প্রশাসনিক কার্যালয়গুলোতে এই ডিজিটাল পরিসেবার সূচনা হবে। পরবর্তী পর্যায়ে আগামী ৫ ই আগস্ট পশ্চিমবঙ্গের সব পোস্ট অফিসে এই পরিষেবা চালু করা হবে। পশ্চিমবঙ্গ সার্কেলের ভারপ্রাপ্ত চিফ পোস্টমাস্টার জেনারেল ঋজু গাঙ্গুলী আকাশবাণীকে জানিয়েছেন, কোর ব্যাঙ্কিং, কোর ইন্স্যুরেন্স, স্পিড

পোস্ট সহ একাধিক পোষ্টাল পরিষেবা প্রদানের ক্ষেত্রে ক্লাউড সার্ভার ব্যবস্থাপনা ব্যবহার করা হবে।

*******************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর সৃষ্ট নিম্নচাপটি ঝাড়খন্ডের দিকে সরে যাওয়ায় দক্ষিনবঙ্গে বৃষ্টির পরিমাণ আপাতত কমলেও, মৌসুমী অক্ষরেখা সক্রিয় থাকার কারণে বৃষ্টি চলবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর সোমনাথ দত্ত জানিয়েছেন।

*******************************************************************